

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
মাদ্রাসা শাখা-২  
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৮৫.১০৬.০২৭.১৬(অংশ)- ৬৮২

তারিখঃ ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ অক্টোবর ২০১৭খ্রিস্টাব্দ

বিষয়: জনাব মো: কায়েদে আমিন, প্রভাষক(রাষ্ট্রবিজ্ঞান), চরশাহী ইসলামী আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর কর্তৃক আনীত অভিযোগ তদন্ত কার্যক্রমের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ব্যাখ্যা প্রদান সংক্রান্ত।

সূত্র: (ক) ৩৭.০০.০০০০.০৮৫.১০৬.০২৭.১৬(অংশ)-১৫০০, তারিখ: ২১/১২/২০১৬খ্রি:  
(খ) ৫৭.২৫.০০০০.০০১.১৭.০০৪.১৭-২৭২, ০৬/০৮/২০১৭খ্রি:  
(গ) ০৫.৪২.৫১০০.০৫৫.০১.০১৬.১৭.৬৬১, তারিখ: ৩০/০৫/২০১৭খ্রি:  
(ঘ) ০৫.৪২.৫১০০.০৫৫.০১.০১৬.১৭-৮৬০(১), তারিখ: ৭-৮-২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যচ্ছে যে, সূত্র নং-(ক) এর মাধ্যমে জনাব মো: কায়েদে আমিন, প্রভাষক(রাষ্ট্রবিজ্ঞান), চরশাহী ইসলামী আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর কর্তৃক আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। সূত্র নং-(খ) এর মাধ্যমে জনাব মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। সূত্র নং-(গ) ও (ঘ) এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীপুর সদর, লক্ষীপুর এবং সভাপতি চরশাহী ইসলামী আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর উক্ত তদন্তের বিরুদ্ধে অভিযোগ উত্থাপন করেছেন।

২। উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীপুর সদর, লক্ষীপুর এবং সভাপতি চরশাহী ইসলামী আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর অভিযোগে জানান যে, “মাদ্রাসার গভর্নিং বডি’র সভাপতি হওয়া সত্ত্বেও তদন্ত সংক্রান্ত বিষয়ে আমাকে অবহিত করা হয়নি বা কোন বক্তব্য গ্রহণ করা হয়নি। সভাপতি হিসেবে তদন্ত বিষয়ে অনেক গুরুত্বপূর্ণ তথ্য দিয়ে সহায়তা করা যেত যা তদন্ত কাজে সহায়ক হত এবং তদন্তকারী কর্মকর্তাকে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করত। তদন্তকারী কর্মকর্তা মাদ্রাসার অধ্যক্ষের নিকট থেকে এক প্রকার জোর করেই অভিযোগকারী জনাব মো: কায়েদে আমিন চাকুরীতে সন্তোষজনকভাবে দায়িত্ব পালন করছেন মর্মে প্রত্যয়ন গ্রহণ করেছেন যা তাদের কাজে নিরপেক্ষতার বিষয়ে সন্দেহ সৃষ্টি করে এবং জনাব মো: কায়েদে আমিনের প্রতি তদন্তকারী কর্মকর্তার সহাত্তির বহিঃপ্রকাশ। এতে করে তদন্ত সঠিক ও নিরপেক্ষ হয়নি মর্মে মাদ্রাসা কর্তৃপক্ষ মনে করেন মর্মে অভিযোগ পাওয়া গেছে।” (কপি সংযুক্ত: নির্বাহী কর্মকর্তা এবং অধ্যক্ষের পত্র)

৩। এমতাবস্থায়, উপজেলা নির্বাহী অফিসার, লক্ষীপুর ও সভাপতি চরশাহী ইসলামী আলিম মাদ্রাসা এবং অধ্যক্ষ, চরশাহী ইসলামী আলিম মাদ্রাসা, লক্ষীপুর সদর, লক্ষীপুর কর্তৃক জনাব মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর তদন্ত কার্যক্রমের বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের বিষয়ে জনাব মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর জবাব/ব্যাখ্যা সংগ্রহপূর্বক তীর মতামতসহ আগামী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ’ল।

সংযুক্তি: এ সংক্রান্ত সকল কাগজপত্র .....পাতা।

(মো: আবদুল খালেক)  
সহকারী সচিব  
ফোন: ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,  
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। জনাব মোহাম্মদ ছরওয়ার আলম, পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ৫। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(পত্রটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ’ল)
- ৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। যুগ্ম-সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৮। অফিস কপি।